

সারা দেশে ২৮৪৭ গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই : শিক্ষামন্ত্রী

অনলাইন ডেস্ক



শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন

সারা দেশে ২ হাজার ৮৪৭টি গ্রামে প্রাথমিক
বিদ্যালয় নেই বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন
ম এহছানুল হক মিলন।

বুধবার (৮ এপ্রিল) জাতীয় সংসদের প্রথম
অধিবেশনে লিখিত প্রশ্নোত্তরে তিনি এ তথ্য
জানান।

গা পড়ুন



‘ইন্টারনেটের নাটক এড়াচ্ছি’, রণবীরের
সাফল্য নিয়ে সমালোচকদের জবাবে
দীপিকা

ফেনী-২ আসনের সংসদ সদস্য জয়নাল আবদিন লিখিত প্রশ্নে বলেন, ‘বর্তমানে দেশের প্রতিটি গ্রামে প্রাথমিক বিদ্যালয় রয়েছে কি না; না থাকলে, প্রাথমিক বিদ্যালয়বিহীন নামসহ গ্রামের সংখ্যা কত? ওই গ্রামগুলোতে সরকারি উদ্যোগে প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার পরিকল্পনা সরকারের আছে কি না?’


পড়ুন



মতিঝিলে হোটেলে যুবকের রহস্যজনক মৃত্যু

উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, ‘না, দেশের প্রতিটি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই। সারা দেশে বিদ্যালয়বিহীন গ্রামের সংখ্যা ঢাকা বিভাগে ৭১৭টি, চট্টগ্রাম বিভাগে ৮১৮টি, রাজশাহী বিভাগে ৩৫৫টি, রংপুর বিভাগে ৩৭টি, খুলনা বিভাগে ৩৪৯টি, বরিশাল বিভাগে ৪৫টি, সিলেট বিভাগে ২৬০টি, ময়মনসিংহ বিভাগে ২৬৬টি; সর্বমোট ২৮৪৭টি।

পড়ুন



থানায় গিয়ে ওসিকে না পেয়ে চেয়ারে
বসলেন এমপি, ভিডিও ভাইরাল

তিনি আরো বলেন, ‘ভবিষ্যতে বিদ্যালয়বিহীন
গ্রামে বিদ্যালয় স্থাপনের প্রস্তাব পাওয়া গেলে
বিদ্যালয় প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা এ সংক্রান্ত
শর্তাদি বিবেচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা
হবে।’